জগন্নাথ বিশ্ববিদ্যালয়

স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তি নির্দেশিকা

শিক্ষাবর্ষ : ২০১৯-২০২০

http://admission.jnu.ac.bd

http://admissionjnu.info

ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের সার্বিক ভর্তি প্রক্রিয়া সুষ্ঠু ও নিখুঁতভাবে সম্পাদনের জন্য ভর্তি নির্দেশিকাটি অত্যন্ত মনোযোগ সহকারে পড়া অত্যাবশ্যক ।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তি নির্দেশিকা

শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০

জগন্নাথ বিশ্ববিদ্যালয় **২০১৯-২০২০ শিক্ষাবর্ষে** ০৪(চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন শিক্ষার্থীদের নিকট থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে (http://admission.jnu.ac.bd অথবা http://admissionjnu.info) আবেদন আহ্বান করছে। **ভর্তি কার্যক্রমের মূল লক্ষ্য হচ্ছে দেশের সবচেয়ে মেধাবী ছাত্রছাত্রীদের ভর্তি করে তাদের সুনাগরিক হিসেবে গড়ে তোলা এবং দেশ ও জাতি গঠনে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বলিষ্ঠ ভূমিকা নিশ্চিত করা।**

২। **আবেদনের যোগ্যতা :**

যে সকল শিক্ষার্থী ২০১৬ বা ২০১৭ সালে এসএসসি/সমমান এবং ২০১৯ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ তারা আবেদন করতে পারবে।

ইউনিট/বিভাগ	যে সকল শাখার ছাত্রছাত্রী আবেদন করতে পারবে	ন্যূনতম যোগ্যতা
ইউনিট-১ বিজ্ঞান শাখা	বিজ্ঞান, মাদ্রাসা (বিজ্ঞান), ভোকেশনাল (এইচএসসি)	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় মোট জিপিএ ৮.০ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ৩.০ এর নিচে নয়।
ইউনিট-২ মানবিক শাখা	মানবিক, মিউজিক, গার্হস্থ্য অর্থনীতি, মাদ্রাসা (সাধারণ) মাদ্রাসা (মুজাব্বিদ)	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় মোট জিপিএ ৭.০ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ৩.০ এর নিচে নয় ।
ইউনিট-৩ বাণিজ্য শাখা	বাণিজ্য, ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ, এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা), ডিপ্লোমা ইন কমার্স	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় মোট জিপিএ ৭.৫ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ৩.০ এর নিচে নয়।
সংগীত, চারুকলা, নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগ	সকল শাখার ছাত্রছাত্রী আবেদন করতে পারবে। জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাক্ বিএফএ সার্টিফিকেটধারী শিক্ষার্থীরাও চারুকলা বিভাগে আবেদন করতে পারবে।	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় মোট জিপিএ ৭.০ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ২.৫ এর নিচে নয় এবং এইচএসসিতে বাংলা ও ইংরেজি বিষয়ে অবশ্যই ন্যূনতম **B** গ্রেড থাকতে হবে।
বি.দ্র. বিজ্ঞান শাখার ছাত্রছাত্রীর ইউনিট-১ এ ভর্তি পরীক্ষা দিয়ে ইউনিট-২ ও ইউনিট-৩ এ বিষয়সমূহে ভর্তির সুযোগ রয়েছে। তদ্রূপ বাণিজ্য শাখার ছাত্রছাত্রীর ইউনিট-৩ এ ভর্তি পরীক্ষা দিয়ে ইউনিট-২ এর নির্ধারিত কয়েকটি বিষয়ে ভর্তির সুযোগ রয়েছে।		

৩। **আবেদন করার সময়সূচি :**

(ক)

ইউনিট/বিভাগসমূহ	আবেদনের সময়কাল	আবেদন ফি
ইউনিট-১ বিজ্ঞান শাখা, ইউনিট-২ মানবিক শাখা, ইউনিট-৩ বাণিজ্য শাখা	**প্রাথমিক আবেদনের জন্য:** **০১/০৮/২০১৯ তারিখ বেলা ১২.০০ টা থেকে ২০/০৮/২০১৯ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত**	**১০০/- + সার্ভিস চার্জ ***
ইউনিট-১ বিজ্ঞান শাখা, ইউনিট-২ মানবিক শাখা, ইউনিট-৩ বাণিজ্য শাখা	**ইউনিট-১, ২, ৩ এ মেধার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাইকৃত পঁচিশ হাজার ছাত্রছাত্রীর লিখিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য :** **২৩/০৮/২০১৯ তারিখ বেলা ১২.০০ টা থেকে ০২/০৯/২০১৯ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত**	**৬০০/- + সার্ভিস চার্জ ***
সংগীত, চারুকলা, নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগ	**৪টি বিভাগে শুধুমাত্র ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য :** **২৩/০৮/২০১৯ তারিখ বেলা ১২.০০ টা থেকে ০২/০৯/২০১৯ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত**	**প্রতি বিভাগের জন্য ৫০০/- + সার্ভিস চার্জ ***

bKash অথবা SureCash অথবা Rocket মোবাইল ব্যাংকিং অথবা Teletalk এর মাধ্যমে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদন ফি'র টাকা জমা দেয়া যাবে।

* **bKash** ও **Rocket** এর মাধ্যমে পেমেন্টের ক্ষেত্রে সার্ভিস চার্জ ১%, **SureCash** এর মাধ্যমে পেমেন্টের ক্ষেত্রে সার্ভিস চার্জ ১% তবে ৪/- টাকার কম ও ৩০/- টাকার বেশি নয়। **Teletalk** এর ক্ষেত্রে সার্ভিস চার্জ ৮% প্রযোজ্য।

(খ) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি), ইংলিশ মিডিয়াম অথবা বিদেশ থেকে এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের **০১/০৮/২০১৯** থেকে **২৩/০৮/২০১৯** তারিখ পর্যন্ত **(অফিস চলাকালীন সময়- সকাল ০৮.০০ টা থেকে বিকাল ০৪.০০টা পর্যন্ত)** কেন্দ্রীয় ভর্তি কমিটির সদস্য সচিব রেজিস্ট্রার-এর অফিসে যোগাযোগ করে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে আবেদন করতে হবে।

৪। **আবেদন পদ্ধতি:**

(ক) **ইউনিট-১ বিজ্ঞান শাখা, ইউনিট-২ মানবিক শাখা** ও **ইউনিট-৩ বাণিজ্য শাখাতে** আবেদন করার জন্য **http://admission.jnu.ac.bd** অথবা **http:// admissionjnu.info** ওয়েবসাইটে login করে এসএসসি এবং এইচএসসি পরীক্ষার **রোল নম্বর, শিক্ষা বোর্ডের নাম, পাসের সন** এবং নিজস্ব **মোবাইল নম্বর** দিতে হবে। উল্লিখিত তথ্যগুলো সঠিকভাবে Input দেয়ার পর Submit button এ ক্লিক করতে হবে। আবেদনের জন্য যোগ্য বিবেচিত হলে আবেদনকারীকে একটি **Application ID** দেয়া হবে এবং তা সংরক্ষণ করতে হবে। উক্ত **Application ID Number** দিয়ে **bKash** অথবা **SureCash** অথবা **Rocket মোবাইল ব্যাংকিং** অথবা **Teletalk** এর **মাধ্যমে ১০০/- (একশত) টাকা + সার্ভিস চার্জ জমা দিয়ে প্রাথমিকভাবে আবেদন করতে হবে।**

(খ) **প্রাথমিক বাছাই (ইউনিট-১, ২ ও ৩) :**

আবেদনের নির্ধারিত তারিখ শেষে প্রতিটি ইউনিটে **(ইউনিট-১,২ ও ৩)** আবেদনকারীদের মধ্য থেকে মেধারভিত্তিতে **২৫০০০ (পঁচিশ হাজার)** প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রাথমিকভাবে বাছাই করা হবে। **পঁচিশ হাজার** ভর্তিচ্ছু ছাত্রছাত্রী বাছাই করার জন্য এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরকে (৪র্থ বিষয়সহ) ভিত্তি করে যোগ্য পরীক্ষার্থীদের তালিকা প্রস্তুত করা হবে। **যদি একই পয়েন্ট/নম্বর প্রাপ্ত ২৫০০০ (পঁচিশ হাজার) প্রার্থী একাধিক হয় তাহলে তাদেরকেও ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।** পরীক্ষা দেয়ার জন্য যোগ্য **প্রাথমিকভাবে বাছাইকৃত পঁচিশ হাজার পরীক্ষার্থীর নাম ও রোল নম্বর বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে** এবং পরীক্ষার্থীদের প্রদানকৃত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমেও জানিয়ে দেয়া হবে। **আরো উল্লেখ্য যে, প্রাথমিকভাবে বাছাইকৃত প্রত্যেক ইউনিটের পঁচিশ হাজার পরীক্ষার্থীর মধ্যে অন্তর্ভুক্ত আবেদনকারীরাই কোটার সুবিধা পাবে। এই শর্ত পোষ্য কোটাসহ সকল কোটার ক্ষেত্রে প্রযোজ্য হবে।**

(গ) **সংগীত, চারুকলা, নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগে ভর্তির আবেদন পদ্ধতি :**

সংগীত, চারুকলা, নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগে আবেদন করার জন্য **http://admission.jnu.ac.bd** অথবা **http:// admissionjnu.info** ওয়েবসাইটে login করে এসএসসি এবং এইচএসসি পরীক্ষার **রোল নম্বর, শিক্ষা বোর্ডের নাম, পাসের সন** এবং নিজস্ব **মোবাইল নম্বর** দিতে হবে। উল্লিখিত তথ্যগুলো সঠিকভাবে Input দেয়ার পর Submit button এ ক্লিক করতে হবে। আবেদনের জন্য যোগ্য বিবেচিত হলে আবেদনকারীকে একটি **Application ID** দেয়া হবে এবং তা সংরক্ষণ করতে হবে। একজন আবেদনকারী নিজেকে ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য মনে করলে **সংগীত, চারুকলা, নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন**–এই ৪টি বিভাগেই আলাদাভাবে আবেদন করতে পারবে। প্রতিটি বিভাগে ভর্তি পরীক্ষায় (ব্যবহারিক এবং মৌখিক) অংশগ্রহণ করার জন্য (যোগ্য আবেদনকারীকে) **ভর্তি পরীক্ষা ফি বাবদ bKash** অথবা **SureCash** অথবা **Rocket মোবাইল ব্যাংকিং** অথবা **Teletalk** এর মাধ্যমে **নির্ধারিত টাকা জমা দিতে হবে।**

৫। **প্রাথমিকভাবে মেধারভিত্তিতে বাছাইকৃত পঁচিশ হাজার আবেদনকারীর করণীয় :**

(ক) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য প্রাথমিকভাবে বাছাইকৃত আবেদনকারীকে লিখিত **ভর্তি পরীক্ষা ফি বাবদ ৬০০/- (ছয়শত) টাকা + সার্ভিস চার্জ জমা দিতে হবে যা ২৩ আগস্ট ২০১৯** তারিখ বেলা ১২.০০ টা থেকে **২ সেপ্টেম্বর ২০১৯** তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত জমা দেয়া যাবে।

(খ) এসএসসি এবং এইচএসসি পরীক্ষার রোল নম্বর এবং **JnU Admission System** থেকে প্রদানকৃত **Application ID Number** ব্যবহার করে **JnU Admission** ওয়েবসাইটে (**http://admission.jnu.ac.bd** **অথবা http:// admissionjnu.info**) login করতে হবে ।

(গ) login করার পরে **আবেদনকারীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি (যার Background** সাদা **৩০০x৩০০ পিক্সেল** (Pixel) **সর্বোচ্চ ১৫০ kb সাইজ, JPG ফরম্যাট) এবং স্বাক্ষর ৩০০x৮০পিক্সেল** (Pixel) **Upload করতে হবে।**

(ঘ) আবেদনকারীকে অগ্রাধিকার ভিত্তিতে বিষয় পছন্দ (Subject Choice) দিতে হবে। ওয়েবসাইটে প্রদর্শিত তালিকার সবগুলো বিষয়কেই অগ্রাধিকার অনুযায়ী পছন্দ করতে হবে। **অগ্রাধিকারের ভিত্তিতে বিষয় পছন্দ করা খুবই গুরুত্বপূর্ণ**। পরবর্তী সময়ে আবেদনকারীর প্রদত্ত বিষয় পছন্দক্রম কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না। **তাই ভর্তিচ্ছু ছাত্রছাত্রীকে ভেবেচিন্তে বিষয় পছন্দক্রম সাজাতে হবে।**

(ঙ) কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীর কোটাভুক্ত হওয়ার জন্য কোটা সংক্রান্ত নির্ধারিত তথ্য Upload করতে হবে, যেমন: মুক্তিযোদ্ধার সন্তান কোটা **(FFQ)/** মুক্তিযোদ্ধার নাতি-নাতনি কোটা **(FFG)/** পোষ্য(ওয়ার্ড) কোটা **(WQ)/** উপজাতি কোটা **(TQ)/** শারীরিক প্রতিবন্ধী কোটা **(PDQ)/** খেলোয়াড় কোটা **(BKSP)** উল্লেখ করতে হবে। **উল্লেখ্য যে আবেদন করার সময় কোটা উল্লেখ না করলে পরবর্তীতে কোটাভুক্তির আবেদন বিবেচনা করা হবে না।**

(চ) পূরণকৃত ফরমে যে তথ্য দেয়া হয়েছে তা পুনরায় চেক করতে হবে। মনে রাখতে হবে **Final Submit Button-এ Click করার পর পূরণকৃত ফরমের কোন তথ্য পরিবর্তন করা যাবে না**। তাই Final Submit Button-এ Click করার আগেই নিশ্চিত হতে হবে যে ফরমটি

যথাযথভাবে পূরণ করা হয়েছে। চেক করার পর সকল তথ্য যথাযথ হলে Final Submit Button-এ Click করতে হবে। অতঃপর প্রবেশপত্র (**Admit Card**) প্রিন্ট করে নিজের কাছে সংরক্ষণ করতে হবে এবং পরীক্ষার দিন **অবশ্যই** সঙ্গে নিয়ে আসতে হবে এবং পরীক্ষার হলে প্রত্যবেক্ষক-কে প্রদর্শন করতে হবে।

৬। **ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফি- জমা দেয়ার পদ্ধতি :**

(ক) JnU Admission System থেকে প্রদানকৃত **Application ID Number** ব্যবহার করে **bKash** অথবা **SureCash** অথবা **Rocket মোবাইল ব্যাংকিং-** অথবা **Teletalk** এর যে কোন একটি মাধ্যমে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফি জমা দেয়া যাবে।

(খ) **ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি :**

bKash-এর মাধ্যমে আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি
বিকাশ একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে আবেদন ফি জমা দেয়ার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে: (i) Dial *247# (ii) Payment এর জন্য **3** Press করতে হবে। (iii) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের Merchant Account নম্বর **01994555666** এন্টার করতে হবে। (iv) Amount Field এ Amount লিখতে হবে। (v) অনলাইন থেকে প্রাপ্ত Application ID Number টি রেফারেন্স ফিল্ড এ Input দিতে হবে। (vi) Counter Number এ **1** Press করতে হবে। (vii) অতঃপর bKash একাউন্ট এর Menu PIN টি লিখে Send Button Press করতে হবে। এরপর Payment Successful হলে একটি Payment Confirmation মেসেজ পাওয়া যাবে যা ভবিষ্যৎ প্রয়োজনে সংরক্ষণ করতে হবে। (viii) JnU Admission System-এর Payment Option-এ গিয়ে bKash Payment Verify বাটনে ক্লিক করে Payment নিশ্চিত করুন। Payment Status দেখার জন্য Payment Acknowledgement Check এ Click করুন। • bKash হেল্প লাইন নম্বর 16247

SureCash-এর মাধ্যমে আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি
রূপালী ব্যাংক SureCash এজেন্ট একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে আবেদন ফি জমা দেয়ার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে : (i) Dial *495# (ii) Payment এর জন্য **3** Press করতে হবে। (iii) Payment Keyword **JNUF** লিখতে হবে। (iv) অনলাইন থেকে প্রাপ্ত Application ID দিতে হবে। (v) Customer Number হিসাবে শিক্ষার্থীর মোবাইল নম্বর লিখতে হবে, যেখানে শিক্ষার্থী পেমেন্ট নিশ্চিতকরণ SMS পাবেন। (vi) SureCash একাউন্ট এর চার সংখ্যার গোপন PIN Number দিতে হবে। উক্ত প্রক্রিয়া সঠিক হলে শিক্ষার্থী একটি Successful SMS পাবে, যা ভবিষ্যৎ প্রয়োজনে সংরক্ষণ করতে হবে। Payment Status দেখার জন্য Payment Acknowledgement Button এ Click করুন।

Rocket মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি
Rocket মোবাইল ব্যাংকিং একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে আবেদন ফি জমা দেয়ার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে : (i) ডায়াল *৩২২# (ii) ১ ডায়াল করে Bill Pay অপশন সিলেক্ট করতে হবে। (iii) নিজের একাউন্ট থেকে Payment করতে চাইলে ১ ডায়াল করে Self অপশন সিলেক্ট করতে হবে এবং অন্যের একাউন্ট থেকে Payment দিতে চাইলে ২ ডায়াল করে Other অপশন সিলেক্ট করে Enter Mobil Number এর স্থলে আবেদনকারীর মোবাইল নাম্বার দিতে হবে। (iv) 0 দিয়ে other option সিলেক্ট করতে হবে। (v) Enter Biller ID এর স্থলে **৩৯৯** টাইপ রতে হবে। (vi) Enter Bill Number এর স্থলে অবশ্যই Application ID টি প্রদান করতে হবে। (vii) Enter amount এ amount লিখতে হবে। (viii) Enter PIN এর স্থলে Customer এর ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং Account এর PIN নম্বর দিতে হবে। (ix) রকেট কর্তৃক Payment Confirmation SMS আসবে। এই SMS থেকে Transaction ID (TxnID) সংরক্ষণ করতে হবে। Payment Status দেখার জন্য Payment Status Button এ Click করুন।

Teletalk এর মাধ্যমে আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি
JnU Application Fee Submission Procedure Through Teletalk Prepaid Mobile Number Application Fee with service charge: 109 tk **1st SMS:** **JNU**<space>Application_ID & send to 16222 **Example:** JNU XXXXXX & send to 16222 **Reply:** Thank you <NAME>. Your application has been received. Your PIN is XXXXXXXX. Tk. 109 will be charged as JNU application fee. To pay fee, type JNU<space>YES<space>XXXXXXXX<space>Contact_mobile_no and send to 16222. App.id (XXXXXX). **2nd SMS:** JNU<space>YES<space>PIN<space>Contact_mobile_no (any mobile operator) & send to 16222 **Example:** JNU YES XXXXXXXX 01XXXXXXXXX Reply: NAME! Payment completed for App No. XXXXXX. Please keep this msg for future reference. For further query, pls visit http://www.jnu.ac.bd. Money Receipt (XSBFNTEP).Powered by Teletalk.

৭। পরীক্ষার পদ্ধতি :

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার সময়কাল হবে **১ ঘণ্টা ৩০ মিনিট**।

(ক) পরীক্ষার নম্বর বণ্টন :

লিখিত পরীক্ষায়	৭২ নম্বর
এসএসসি থেকে	১২ নম্বর
এইচএসসি থেকে	১৬ নম্বর
মোট	**১০০ নম্বর**

(খ) ইউনিট-১, ২ ও ৩ এ ভর্তি পরীক্ষার বিষয়গুলো হবে নিম্নরূপ :

ইউনিট	ভর্তি পরীক্ষার বিষয়
ইউনিট-১ বিজ্ঞান শাখা	i) পদার্থবিজ্ঞান ii) রসায়ন iii) গণিত অথবা জীববিজ্ঞান
ইউনিট-২ মানবিক শাখা	i) বাংলা ii) ইংরেজি iii) বাংলাদেশ ও সমসাময়িক বিশ্ব (শিল্প সাহিত্য অথবা আর্থ-সামাজিক বিষয়ে বাংলা এবং/অথবা ইংরেজিতে সীমিত সংখ্যক বাক্য লিখতে হবে) এবং সাধারণ বুদ্ধিমত্তা
ইউনিট-৩ বাণিজ্য শাখা	i) হিসাব বিজ্ঞান ii) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, ব্যবসায় নীতি ও প্রয়োগ এবং গাণিতিক বুদ্ধিমত্তা iii) ভাষাজ্ঞান (সমসাময়িক ব্যবসায় ও অর্থনীতি সংক্রান্ত বিষয়ে বাংলা এবং ইংরেজিতে সীমিত সংখ্যক বাক্য লিখতে হবে)

- ❖ উল্লিখিত ইউনিটসমূহে প্রত্যেক বিষয়ে **লিখিত পরীক্ষার জন্য প্রশ্ন থাকবে ৬টি**, প্রতিটি প্রশ্নের নম্বর ৪ করে **প্রতি বিষয়ে মোট ৬×৪ = ২৪ নম্বর থাকবে এবং** তিনটি বিষয়ে **সর্বমোট নম্বর হবে ২৪×৩ = ৭২।**

- ❖ **সংগীত, চারুকলা, নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন -এ ৪টি বিভাগে সম্মিলিত লিখিত পরীক্ষা হবে না। শুধু বিষয়ভিত্তিক ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষা সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নেয়া হবে। পরীক্ষার ধরন বিভাগই ঠিক করবে।**

সংগীত, চারুকলা, নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন -এ ৪টি বিভাগে নম্বর বণ্টন হবে নিম্নরূপ :

এসএসসি থেকে	২০ নম্বর
এইচএসসি থেকে	৩০ নম্বর
ব্যবহারিক এবং মৌখিক	৫০ নম্বর
মোট	**১০০ নম্বর**

৮। **ভর্তি পরীক্ষার সময়সূচি :**

ইউনিট/বিভাগ	তারিখ	বার	১ম শিফট (সকাল)	২য় শিফট (বিকাল)	মন্তব্য
ইউনিট-৩ বাণিজ্য শাখা	১৪/০৯/২০১৯	শনিবার	১০.০০টা-১১.৩০টা পর্যন্ত	৩.০০টা-৪.৩০টা পর্যন্ত	বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নিজস্ব তত্ত্বাবধানে লিখিত ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। আসন বিন্যাস যথা সময়ে জানানো হবে।
ইউনিট-২ মানবিক শাখা	২০/০৯/২০১৯	শুক্রবার	১০.০০টা-১১.৩০ টা পর্যন্ত	৩.০০টা-৪.৩০টা পর্যন্ত	
ইউনিট-১ বিজ্ঞান শাখা	২১/০৯/২০১৯	শনিবার	১০.০০টা-১১.৩০টা পর্যন্ত	৩.০০টা-৪.৩০টা পর্যন্ত	
সংগীত, চারুকলা, নাট্যকলা ও ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগ	২৯/০৯/২০১৯ তারিখ রবিবার থেকে ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষা সংশ্লিষ্ট বিভাগে শুরু হবে।				

৯। **ভর্তি পরীক্ষার আসন বিন্যাস ও ভর্তি পরীক্ষার দিনে পরীক্ষার্থীর করণীয় :**

(ক) সফলভাবে আবেদনকৃত পরীক্ষার্থীদের **ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও আসন বিন্যাস** বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে, আবেদনের সময় প্রদত্ত মোবাইল নম্বরে SMS, সংবাদপত্র ও ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে পরীক্ষা শুরুর **দুইদিন পূর্বে** জানানো হবে। পরীক্ষার্থীকে নির্ধারিত কেন্দ্রে/ নির্ধারিত আসনেই পরীক্ষা দিতে হবে।

(খ) Admit Card ছাড়া কোন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। পরীক্ষার্থীকে Admit Card টি ভর্তি পরীক্ষার দিন পরীক্ষার হলে দায়িত্বরত প্রত্যবেক্ষক (Invigilator) এর নিকট উপস্থাপন করতে হবে এবং তাতে প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষর করিয়ে নিতে হবে। প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরকৃত Admit Card টি পরীক্ষার্থীকে সংরক্ষণ করতে হবে **কারণ পরবর্তীতে ভর্তির সময় প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত Admit Card টি প্রয়োজন হবে।**

(গ) **Admit Card-এর ছবির সাথে শিক্ষার্থীর মিল না থাকলে তার ভর্তি পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।**

(ঘ) পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন, ঘড়ি, ক্যালকুলেটর বা অন্য কোন ইলেকট্রনিক ডিভাইস বহন করা নিষিদ্ধ। এ ধরনের কোন সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করাসহ পরীক্ষা বাতিল করা হবে।

১০। **বিভিন্ন ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগ/ইনস্টিটিউটে আসনসংখ্যা এবং ভর্তির শর্তাবলি :**

ইউনিট-১ (বিজ্ঞান অনুষদ এবং লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ)

ক্রম.	বিভাগ	মোট আসন	উচ্চ-মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড
০১	পদার্থবিজ্ঞান	৮০	পদার্থবিজ্ঞান **A-** এবং গণিত **A-**
০২	রসায়ন	৮০	রসায়ন **A-**, গণিত **B** এবং পদার্থবিজ্ঞান **B**
০৩	গণিত	৮০	গণিত **A-**
০৪	পরিসংখ্যান	৮০	গণিত **A-**
০৫	প্রাণিবিদ্যা	৮০	জীববিজ্ঞান **B**
০৬	উদ্ভিদবিজ্ঞান	৮০	জীববিজ্ঞান **B** এবং রসায়ন **B**
০৭	ভূগোল ও পরিবেশ	৮০	প্রযোজ্য নয়
০৮	মনোবিজ্ঞান	৮০	
০৯	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	৫০	পদার্থবিজ্ঞান **A** এবং গণিত **A**
১০	অনুজীব বিজ্ঞান	৪০	জীববিজ্ঞান **A-** , রসায়ন **A-** এবং ইংরেজি **A-**
১১	ফার্মেসী	৩৫	রসায়ন **A**, জীববিজ্ঞান **A**, গণিত **A** এবং ইংরেজি **A**
১২	প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান	৩০	রসায়ন **A**, জীববিজ্ঞান/গণিত **A-**, পদার্থবিজ্ঞান **A-** এবং ইংরেজি **A-**
১৩	জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি	৩০	রসায়ন **A-**, জীববিজ্ঞান **A** এবং ইংরেজি **A**
	মোট	৮২৫	

ইউনিট-২ [কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, আইন অনুষদ, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর) এবং ইনস্টিটিউট অব মডার্ন ল্যাংগুয়েজেস (আইএমএল)]

ক্রম.	বিভাগ/ইনস্টিটিউট	মোট আসন	শাখাভিত্তিক আসন			উচ্চ-মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড
			মানবিক	বিজ্ঞান	বাণিজ্য ও অন্যান্য	
০১	বাংলা	৮০	৬০	১০	১০	বাংলা (২০০ নম্বরের পরীক্ষায়) **B**
০২	ইংরেজি	৮০	৪০	২৫	১৫	বাংলা ও ইংরেজি (২০০ নম্বরের পরীক্ষায়) **B**
০৩	ইতিহাস	৮০	৭০	১০	-	প্রযোজ্য নয়
০৪	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	৮০	৭০	১০	-	
০৫	ইসলামিক স্টাডিজ	৮০	৭০	১০	-	
০৬	দর্শন	৮০	৬০	২০	-	
০৭	আইন	৮০	৩০	৩০	২০	i. বাংলা ও ইংরেজি ২০০ নম্বরের পরীক্ষায় ন্যূনতম **B** থাকতে হবে। ii. অর্থনীতি বিভাগে ভর্তির জন্য উচ্চ-মাধ্যমিকে গণিত অথবা অর্থনীতি অথবা পরিসংখ্যান অথবা হিসাববিজ্ঞানে **B** থাকতে হবে।
০৮	ভূমি ব্যবস্থাপনা ও আইন	৬০	৪০	১০	১০	
০৯	এডুকেশন (আই.ই.আর.)	৫০	২৫	১৫	১০	
১০	ইংলিশ ল্যাংগুয়েজ (আই.এম.এল.)	৪০	২০	১০	১০	
১১	অর্থনীতি	৮০	৩৫	৪০	৫	
১২	রাষ্ট্রবিজ্ঞান	৮০	৫০	২০	১০	
১৩	সমাজবিজ্ঞান	৮০	৬০	১০	১০	
১৪	সমাজকর্ম	৮০	৬০	১০	১০	
১৫	নৃবিজ্ঞান	৮০	৬০	১০	১০	
১৬	গণযোগাযোগ ও সাংবাদিকতা	৮০	৬০	১০	১০	
১৭	লোকপ্রশাসন	৮০	৪০	২০	২০	
	মোট	**১২৭০**	**৮৫০**	**২৭০**	**১৫০**	

ইউনিট-৩ (বিজনেস স্টাডিজ অনুষদ)

ক্রম.	বিভাগ	মোট আসন	শাখাভিত্তিক আসন			উচ্চ মাধমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড
			বাণিজ্য	মানবিক	বিজ্ঞান ও অন্যান্য	
০১	একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্	১৬০	১৪০	০	২০	বিজ্ঞান ও অন্য শাখা থেকে আগত পরীক্ষার্থীর গণিত অথবা পরিসংখ্যানে **B** থাকতে হবে।
০২	ম্যানেজমেন্ট স্টাডিজ	১৬০	১৪০	০	২০	
০৩	মার্কেটিং	১০০	৯০	০	১০	
০৪	ফিন্যান্স	১০০	৯০	০	১০	
মোট		**৫২০**	**৪৬০**	**০**	**৬০**	-

বিশেষায়িত বিভাগসমূহ

ক্রম.	বিভাগ	মোট আসন	শাখাভিত্তিক আসন	উচ্চ-মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড
০১	সংগীত	৪০	**সকল শাখার জন্য উন্মুক্ত**	প্রযোজ্য নয়
০২	চারুকলা	৪০		
০৩	নাট্যকলা	৪০		
০৪	ফিল্ম এন্ড টেলিভিশন	৩০		বাংলা ও ইংরেজি (২০০ নম্বরের পরীক্ষায়) প্রতি বিষয়ে ন্যূনতম **B** থাকতে হবে।
মোট		**১৫০**		

১১। স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তন (Auto-migration) :

ভর্তির জন্য নির্বাচিত হয়ে কোন বিভাগে ভর্তি হলে পরে বিধি মোতাবেক ছাত্রছাত্রীর দেয়া বিষয় পছন্দক্রমের অগ্রাধিকার তালিকা অনুযায়ী স্বয়ংক্রিয় ভাবে বিভাগ পরিবর্তন (Auto-migration) হয়ে থাকে। তবে কোন ছাত্রছাত্রী ইচ্ছে করলে স্বয়ংক্রিয় (Auto-migration) প্রক্রিয়া থেকে অব্যাহতি নিতে পারবে। সেক্ষেত্রে তাকে তার জন্য নির্বাচিত বিভাগে ভর্তি হতে হবে এবং ভর্তি হওয়ার পর তাকে এই মর্মে লিখিত আবেদন করতে হবে যে সে স্বয়ংক্রিয় (Auto-migration) বিভাগ পরিবর্তন থেকে অব্যাহতি চায় অর্থাৎ যে বিভাগে সে ভর্তি হয়েছে সেই বিভাগেই থাকতে ইচ্ছুক। উল্লেখ্য নির্বাচিত বিভাগে ভর্তি হয়ে ভর্তির জন্য নির্ধারিত সময়ের মধ্যেই স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তনের (Auto-migration) প্রক্রিয়া থেকে অব্যাহতি চাইতে হবে। তা না করলে যথারীতি বিধি মোতাবেক সংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন হবে এবং শিক্ষার্থীকে তা অবশ্যই মেনে নিতে হবে।

১২। <u>মেধা তালিকা প্রস্তুতকরণ</u> :

ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর এর **ভিত্তিতে মেধা তালিকা প্রস্তুত করা হবে**। মেধা ও ছাত্রছাত্রীদের দেয়া বিষয় পছন্দক্রমের **সমন্বয়ে তৈরি চূড়ান্ত মেধা তালিকার** মাধ্যমে বিভাগভিত্তিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১৩। <u>ভর্তির সময় শিক্ষার্থীর প্রয়োজনীয় কাগজপত্র</u> :

ভর্তির সময় শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্রগুলো মনোনয়ন প্রাপ্ত বিভাগে জমা দিতে হবে-

i. পরীক্ষার হলে প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত **Admit Card**
ii. সম্প্রতি তোলা **চার কপি** পাসপোর্ট সাইজের রঙিন ছবি
iii. **Online** হতে প্রিন্টকৃত ভর্তি ফরম

১৪(ক) <u>কোটায় ভর্তি</u> :

মুক্তিযোদ্ধা, প্রতিবন্ধী, উপজাতি এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারিবৃন্দের সন্তান/স্বামী/স্ত্রী পোষ্য (WARD) কোটায় আবেদন করতে পারবে। কোটার আওতায় ভর্তির জন্য আবেদন করলে, পোষ্য (WARD) কোটার ক্ষেত্রে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রদত্ত প্রত্যয়নপত্র, মুক্তিযোদ্ধার সন্তান কোটার ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদ, নাতি-নাতনি প্রমাণের জন্য পিতামহ/মাতামহের এসএসসি পাসের সনদ এবং তাঁদের জাতীয় পরিচয়পত্র, উপজাতি বা ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটার ক্ষেত্রে স্ব স্ব উপজাতি প্রধান এবং জেলা প্রশাসক প্রদত্ত সনদ, প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সরকারের সংশ্লিষ্ট বিভাগ/কর্তৃপক্ষ থেকে নিবন্ধন/প্রমাণপত্র অবশ্যই জমা দিতে হবে। খেলোয়াড় কোটায় শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (BKSP) থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী আবেদন করতে পারবে। এক্ষেত্রে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (BKSP) কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র জমা দিতে হবে। <u>**ভর্তির ক্ষেত্রে ভর্তির ন্যূনতম যোগ্যতাসহ অন্যান্য শর্তাবলি পূরণ করতে হবে এবং প্রাথমিক বাছাইকৃত তালিকাভুক্ত হতে হবে**</u>। কোটায় ভর্তির হার নিম্নরূপ :

(খ) (i) মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার নাতি-নাতনি : **৫%** (প্রথমে মুক্তিযোদ্ধার সন্তান ভর্তির সুযোগ পাবে। মুক্তিযোদ্ধার সন্তান পাওয়া না গেলে মুক্তিযোদ্ধার নাতি-নাতনি সুযোগ পাবে)

(ii) উপজাতি / প্রতিবন্ধী : **১%**

(iii) পোষ্য (WARD) : প্রতি বিভাগে **২ জনের** অধিক নয়।

(iv) খেলোয়াড় : সর্বোচ্চ **১০ জন,** তবে কোন বিভাগে **০১(এক)** জনের অধিক নয়।

(v) বিদেশী কোটা : বিদেশী শিক্ষার্থী ভর্তি করা হবে।

(vi) কোটার সপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র ভর্তি পরীক্ষার ফল প্রকাশের ০৭(সাত) দিনের মধ্যে কেন্দ্রীয় ভর্তি কমিটির সদস্য-সচিব রেজিস্ট্রার-এর অফিসে জমা দিতে হবে।

<u>**কোটায় ভর্তিচ্ছু প্রার্থীদের আবেদনের সময় অবশ্যই কোটা উল্লেখ করতে হবে। পরবর্তী সময়ে কোটায় অন্তর্ভুক্তির জন্য কোন আবেদন বিবেচনা করা হবে না।**</u>

১৫। <u>বিবিধ</u> :

(ক) ভর্তি প্রক্রিয়ার যে কোন স্তরে অনিয়ম/অযোগ্যতা/দুর্নীতি ধরা পড়লে ভর্তি বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(খ) পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কোন অভিযোগ প্রমাণিত হলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

(গ) <u>**ভর্তি সংক্রান্ত নিয়ম নীতির যে কোন ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজনের ক্ষমতা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**</u>

(ঘ) ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাদি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (<u>http://admission.jnu.ac.bd</u> অথবা http://admissionjnu.info) -এ পাওয়া যাবে।

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার।